অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/13/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওয়ার্ল্ডপ্রাইড 2019 অ্যাম্বাসডরস প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছেন

অ্যাম্বাসডরদের ওয়্যার্ল্ডপ্রাইড এবং স্টোনওয়াল 50 উদযাপনে অংশ নিতে হবে

বিজয়ীদের দেখানো ভিডিও এখানে দেখুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওয়্যার্ল্ডপ্রাইড 2019 অ্যাম্বাসডরস (WorldPride 2019 Ambassadors) প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেছেন। নিউ ইয়র্কের LGBTQ কমিউনিটির বৈচিত্র্যকে তুলে ধরতে নির্বাচিত, বিজয়ীরা, গর্বের পদযাত্রায় (Pride March) অংশগ্রহণ করা সহ, LGBTQ এর অধিকারগুলির জন্য যে আন্দোলন তার প্রচার করতে ওয়্যার্ল্ডপ্রাইড এবং স্টোনওয়াল 50 (Stonewall 50) উদযাপনে অংশগ্রহণ করবেন। এই বছরের ওয়্যার্ল্ডপ্রাইড—বৃহত্তম আন্তর্জাতিক LGBTQ গর্ব উদযাপন—মার্কিন যুক্তরাষ্ট্রে এই প্রথম পালিত হচ্ছে। 1লা জুন, গভর্নর কুওমো, নিউ ইয়র্ক সিটির ওয়েষ্ট ভিলেজে স্টোনওয়াল ন্যাশনাল মনুমেন্টের অনতিদূরে অবস্থিত, নিউ ইয়র্ক স্টেট ওয়্যার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টারের গৌরবান্বিত উদ্বোধনের কথা ঘোষণা করেছেন, এবং 5ই জুন, গভর্নর কুওমো ক্যাপিটলে LGBTQ গর্বের মাসের প্রদর্শনীর গৌরবান্বিত উদ্বোবধনের কথা ঘোষণা করেছেন।

"সম্পূর্ণ সাম্যের লক্ষ্যে আমাদের লড়াইইয়ের বৈচিত্র্য এবং স্বীকৃতি এবং আমরা যে অগ্রগতি করেছি তা উদযাপনের একটি সময় হল গর্বের মাস, এবং মার্কিং যুক্তরাষ্ট্রের প্রথম ওয়্যার্ল্ডপ্রাইড উদযাপনের আয়োজন করতে নিউ ইয়র্কের থেকে ভালো জায়গা আর নেই", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডরদের অভিনন্দন যারা LGBTQ অধিকারগুলির জন্য পথ দেখাচ্ছেন এবং বিশ্বের অন্যদের দেখাচ্ছেন যে নিউ ইয়র্ক স্টেট কেন অন্যদের থেকে আলাদা।"

"LGBTQ অধিকার আন্দোলনের একজন নেতা হসাবে আমাদের ইতিহাস নিউ ইয়র্ক স্টেটের জন্য গর্বের একটি মূল বিষয়", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা যেহেতু গর্বের মাস আরম্ভ করছি এবং স্টোনওয়াল 50 উদযাপন করছি, সেহেতু আমরা ব্যতিক্রমী নেতাদের স্বীকৃতি দিচ্ছি যারা সাম্যের জন্য লড়াইকে অব্যাহত রাখার আমাদের উত্তরাধিকারকে সম্মানিত করতে ওয়্যার্ল্ডপ্রাইড ইভেন্টে অংশগ্রহণ করবেন। আমাদের অ্যাম্বাসডররা আমাদের ইতিহাসকে তুলে ধরবে এবং স্টেটের প্রতিটি অঞ্চলে আমাদের বৈচিত্র্যময় LGBTQ কমিউনিটিগুলিকে উদযাপন করবে।"

সমগ্র স্টেটের LGBTQ নিউ ইয়র্কবাসীরা কেন তাদের মিউনিসিপালিটি ও স্টেটের জন্য গর্বিত, এবং তাদের শহর ও অঞ্চলের LGBTQ দর্শকদের কাছে তারা কী তুলে ধরতে চান তা বর্ণনা করে তাদের একটি ভিডিও জমা দিতে উত্সাহিত করা হচ্ছে। বাফেলো থেকে অ্যাডিরনডাক থেকে কুইন্স, ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডররা দেখান যে LGBTQ কমিউনিটি নিউ ইয়র্ক স্টেটের সব জায়গায় আছে। আমাদের ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডররা হলেন অ্যাঞ্জেলিক পিউইনিস্কি, আরি মুর, অড্রে ডি জেসাস, সেসিলিয়া জেন্টিলি, চেল্লে লুইলিয়র, ড্রিউ স্কিফ, জুডিথ কাসেন-উইন্ডসোর, কেলি মেটজার, মহম্মদ কিউ. আমিন, টেলর, এবং ট্রেনর উইলকিন্স।

দ্যা ওয়ার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডর প্রতিযোগিতা নিউ ইয়র্ক স্টেটের ওয়ার্ল্ডপ্রাইড 2019 এবং স্টোনওয়াল 50-র সামগ্রিক প্রচারের অংশ। 1969 সালের জুন মাসে, LGBTQ কমিউনিটি সদস্যগণ নিউ ইয়র্ক শহরের স্টোনওয়াল ইনে স্বতঃস্ফূর্ত প্রদর্শনের ব্যবস্থা করেন, যাকে অনেকে আধুনিক LGBTQ অধিকার আন্দোলনের অনুঘটক বলে মনে করেন।

নিউ ইয়র্ক স্টেট এবং I LOVE NY স্টোনওয়াল 50 এবং ওয়ার্ল্ডপ্রাইড 2019 এর জন্য সকলকে স্টেটে আসার জন্য প্রচার ও উৎসাহ প্রদান করা অব্যাহত রাখে। গত কয়েক বছর ধরে, ওয়ার্ল্ডপ্রাইড 2019 এবং স্টোনওয়াল 50 (নিউ ইয়র্ক শহর প্রাইড/হেরিটেজ অফ প্রাইড (NYC Pride/Heritage of Pride)) এর সংগঠকদের সাথে অংশীদার হয়ে, I LOVE NY, অনুষ্ঠানটিতে এবং স্টেটে ভ্রমণ প্রচারের উদ্দেশ্যে সারা বিশ্বে আত্মাভিমানের অনুষ্ঠানগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। স্টেট জুড়ে অনুষ্ঠিত বিশেষ ওয়ার্ল্ডপ্রাইড অনুষ্ঠানগুলি প্রচার করে, একটি লক্ষীভূত প্রিন্ট ও ডিজিটাল বিজ্ঞাপন প্রচারাভিযান আরম্ভ করা হয়েছে। ওয়ার্ল্ডপ্রাইড 2019 ভ্রমণের পথপ্রদর্শক সহ, I LOVE NY LGBT সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট বিকাশ (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "যেহেতু আমরা এম্পেয়ার স্টেটে ওয়্যার্ল্ডপ্রাইড অভিজ্ঞতা করতে সারা বিশ্বের LGBTQ ভ্রমণার্থীদের আমন্ত্রণ করি, আমাদের 11জন অ্যাম্বাসডরদের অভিনন্দন যারা দর্শনার্থীদের নিউ ইয়র্ককে অন্বেষণ করতে এবং আমাদের স্টেট যে সকলের জন্য একটি স্বাগতপূর্ণ স্থান তা আবিষ্কার করতে আরও উত্সাহিত করবে।"

নিউ ইয়র্কা স্টেট পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. রেভি বলেছেন, "ওয়্যার্ল্ডপ্রাইড LGBTQ দর্শনার্থীদের নিউ ইয়র্ক স্টেটে একটি স্বপ্নের অবসর যাপনের যথাযথ সুযোগের উপস্থাপনা করে, এবং বার্তাটি ছড়িয়ে দিতে সহায়তা করার জন্য আমরা 11জন ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডরদের স্বাগত জানাতে উন্মুখ। লং আইল্যান্ড থেকে নায়াগ্রা জলপ্রপাত, সমগ্র স্টেট জুড়ে, নিউ ইয়র্ক স্টেটে স্টোনওয়াল 50 স্মৃতিরক্ষা সহ, মুখ্য ইভেন্টগুলির পরিকল্পনা করা হয়েছে, যা ভ্রমণার্থীদের পছন্দের জিনিসগুলি খুঁজে দেখার অন্তহীন সুযোগ প্রদান করবে।"

ক্রিস ফ্রেডারিক, এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউ ইয়র্ক সিটি প্রাইড/হেরিটেজ অফ প্রাইড বলেছেন, "যেহেতু আমরা স্টোনওয়াল আপরাইজিংয়ের 50তম বার্ষিকী উদযাপন করছি তাই এই ঐতিহাসিক বছরের জন্য এই ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডরদের নাম ঘোষণা করার জন্য আমরা গভর্নর কুওমো এবং

নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাই। এই ব্যক্তিবর্গ আমাদের সমৃদ্ধ বৈচিত্র এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটে সমগ্র LGBTQ কমিউনিটিতে যে গুরুত্বপূর্ণ কাজ করা হয়েছে তাকে উপস্থাপিত করে।"

কেলি মেটজার, সারানাক লেকের ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডর বলেছেন, "বেশ কয়েক বছর ধরে নিউ ইয়র্ক LGBTQ অধিকার আন্দোলনের একজন পথপ্রদর্শক, এবং গভর্নর কুওমোর নেতৃত্বে এই কার্যধারা শুধু অব্যাহতই নয়, বরঞ্চ আরও শক্তিশালী হয়ে উঠেছে। সারানাক লেক, দি আডিরনডাক নর্থ কাউন্ট্রি এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেট আমার কাছে এবং LGBTQ কমিউনিটির কাছে কতটা গুরুত্বপূর্ণ সারা বিশ্বের কাছে তা দেখাবার এই সুযোগ করে দেওয়ার জন্য আমি গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ। যখন নিউ ইয়র্ক ওয়্যার্ল্ডপ্রাইড উদযাপন করবে তখন আমি সকলকে সুন্দর আডিরনডাক্স বিশেষ করে উচ্চতম অঞ্চলগুলি এবং লেক প্লেসিড অলিম্পিক অঞ্চলে আসার জন্য উত্সাহিত করি।"

আরি মুর, বাফেলোর ওয়্যার্ল্ডপ্রাইড অ্যাম্বাসডর বলেছেন, "ওয়্যার্ল্ডপ্রাইড 2019 আমার নিজের নিউ ইয়র্ক স্টেটে উদাযাপন করা হচ্ছে এটি আমার কাছে অত্যন্ত গর্বের ও আনন্দের। বাফেলোর একজন LGBTQ নেতা হিসাবে, আমি এরকম একটি স্টেটে বসবাস করি বলে গর্ব বোধ করি যেখানে সাম্য, ভালবাসা, এবং গ্রহণযোগ্যতা সবার আগে স্থান পায়। 2011 সালে বিবাহের সাম্যতা পাশ করা থেকে এই বছর জেন্ডার এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন অ্যাক্ট (Gender Expression Non-Discrimination Act, GENDA) কে আইনে পরিণত করা পর্যন্ত, গভর্নর কুওমো হলেন আমাদের দেশের মধ্যে LGBTQ অধিকারগুলির অকাট্য সমর্থক। আমার স্টেটের একজন অ্যাম্বাসডর হওয়ার এবং এই প্রয়োজনীয় উদযাপনের সময় বাফেলোতে LGBTQ কমিউনিটির প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়ার জন্য আমি গভর্নরের কাছে কৃতজ্ঞ।"

গভর্নর কুওমো তার সমগ্র শাসনকালে, LGBTQ অধিকারগুলিতে বিশেষজ্ঞতা অর্জনে একজন জাতীয় নেতা হয়ে উঠেছেন। 2011 সালে, নিউ ইয়র্ক ঐতিহাসিক একই লিঙ্গে বিবাহ আইন (Marriage Equality Act) পাশ করেন এবং দেশের কাছে একটি বার্তা প্রেরণ করেন যে সমাজের অন্যতম প্রবল বৈষম্য শেষ করার এটাই ছিল সঠিক সময়। এই বছরের প্রথমদিকে, গভর্নর কুওমো বৈষম্যহীন লিঙ্গ বহিঃপ্রকাশ আইন এবং রূপান্তর থেরাপির (conversion therapy) অনুশীলন নিষিদ্ধকারী বিধানকে আইন হিসেবে স্বাক্ষর করেন, যা LGBTQ কমিউনিটির জন্য একটি উল্লেখযোগ্য জয়। নিউ ইয়র্কের LGBTQ কমিউনিটির জন্য সুরক্ষা ও সমতা আরো অগ্রসরকারী GENDA পাশের ফলে নিয়োগকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ির মালিক, ঋণদাতা এবং অন্যান্যদের লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে কোনো ব্যক্তির প্রতি বৈষম্য প্রদর্শন করতে নিষেধ করে, এবং লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে করা অপরাধ নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে ঘৃণা-অপরাধ হিসেবে স্বীকৃত হবে।

2015 সালে, গভর্নর কুওমো এই আইন প্রতিষ্ঠা করেন যে রাজ্যের মানবাধিকার আইন অনুযায়ী (Human Rights Law) সব ট্রান্সজেন্ডার মানুষ নিরাপত্তার অধিকারী, এবং নিশ্চিত করেন যে সরকারি এবং বেসরকারি নিয়োগকর্তা, বাড়ির মালিক, ব্যবসায়ী, ঋণদাতা এবং অন্যান্যরা জানেন যে ট্রান্সজেন্ডারদের প্রতি কোনো বৈষম্য প্রদর্শন এবং কোনো বেআইনি কাজ নিউ ইয়র্ক স্টেটে সহ্য করা হবে না। গত বছর, গভর্নর কুওমো স্টেটের সর্বোচ্চ আদালত - দ্যা নিউ ইয়র্ক কোর্ট অফ

অ্যাপিলে – পল ফেইনমেনের নাম প্রস্তাব করেছিলেন – যেখানে তিনিই ছিলেন সকলের সাথে আদালতে কাজ করা প্রথম একজন সমকামি ব্যক্তি।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন